



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০৫০.১৬(অংশ-৫)/ ৯৬

তারিখ: ২৩/০২/২০২১খ্রি.

বিষয়: পরিবেশ অধিদপ্তরের আওতাধীন CEGIS এর পরামর্শক দলকে সহায়তা প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) ৩৭.০০.০০০০.১৫৩.৯৯.০০১.১৭.৭, তারিখ- ১৮.০২.২০২১ খ্রি.  
(২) পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের ডি.ও. নং- ০৩, তারিখ: ২৮.০১.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনস্থ পরিবেশ অধিদপ্তর জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী বাংলাদেশ এর সহায়তায় জাতীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। জাতীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান হিসাবে Centre for Environmental and Geographic Information System (CEGIS) এর নেতৃত্বে International Centre for Climate Change and Development (ICCCAD), Bangladesh Centre for Advanced Studies (BCAS), Centre for Climate Change and Environmental Research (C3AR), BRAC University এর সমন্বয় গঠিত একটি বিশেষজ্ঞ দল নিয়োজিত হয়েছেন। প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে জাতীয় ও স্থানীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাস ও অভিযোজনের ক্ষমতা বৃদ্ধি করা। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন বিভাগ, জেলা ও স্থানীয় পর্যায়ে তথ্য সংগ্রহ করার পরিকল্পনা করা হয়েছে। পরামর্শক দল তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন বিভাগ, জেলা ও স্থানীয় পর্যায়ে Focus Group Discussions (FGDS), Key informant Interviews (KIIS) এবং Consultation Workshops এর পরিকল্পনা করেছে যা ২২ জানুয়ারি থেকে ৩১ মে ২০২১ ইং পর্যন্ত বিভিন্ন পর্যায়ে সম্পাদিত হবে। একই সাথে জাতীয় অভিযোজন পরিকল্পনাটি প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার অভিজ্ঞ/উর্ধ্বতন সংশ্লিষ্ট স্থানীয় কর্মকর্তার মতামত/সাক্ষাৎকার গ্রহণ করবে। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল অফিস/সরকারি-বেসরকারি স্কুল ও কলেজের প্রধানকে বিশেষজ্ঞ দলকে সহায়তা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Aniq

23.02.2021

(আনিকা রাইসা চৌধুরী)

উপ-পরিচালক

পরিকল্পনা ও উন্নয়ন উইং

ই-মেইল: aniqaraisa68@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ০১। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ০২। অধ্যক্ষ (সকল সরকারি/বেসরকারি কলেজ)
- ০৩। পরিচালক (সকল), এইচ এস টি টি আই
- ০৪। সিস্টেম এনালিস্ট, ইএমআই সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
- ০৬। প্রধান শিক্ষক (সকল সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়)
- ০৭। উপজেলা মাধ্যমিক কর্মকর্তা (সকল)

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে**

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০২। ব্যক্তিগত সহকারী, পরিচালক, পরিকল্পনা উন্নয়ন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৩। সংরক্ষণ নথি।